**রেজিস্টার্ড নং ডি এ-১**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, ডিসেম্বর ১৫, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিকল্পনা মন্ত্রণালয়**

**পরিকল্পনা বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৯ অগ্রহায়ণ, ১৪২২ বঙ্গাব্দ/১৩ ডিসেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩৬৬-আইন/২০১৫।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা পরিকল্পনা বিভাগ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(ঘ) **"পদ"** অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ঙ) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(চ) **"শিক্ষানবিস"** অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ছ) **"স্বীকৃত প্রতিষ্ঠান"** অর্থ সরকার কর্তৃক অনুমোদিত বা স্বীকৃত কোন ভোকেশনাল বা কারিগরী প্রতিষ্ঠান;

(জ) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড"** অর্থ আপাততঃ বলবৎ কোন আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।



**মূল্য** ঃ টাকা ৮.০০

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নে বিধৃত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে; যথা:—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে উল্লিখিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না ।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশে ডমিসাইল না হন;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে এবং তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন ।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারি চাকরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন ।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী অথবা ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস**।—(১) কোন স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসির স্তরে,—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, পদোন্নতি প্রাপ্তির তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, সংশ্লিষ্ট শিক্ষানবিসের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ,—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে তাহার চাকরী স্থায়ী করিবে; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সম্পাদনের মান সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন বা প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **বিশেষ বিধান**।—এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালা জারি হইবার সঙ্গে সঙ্গে, এই বিধিমালার তফসিলে উল্লিখিত কোন পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোন ভগ্নাংশ আসিলে উভয় কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত**।—(১) 'ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী(পরিকল্পনা বিভাগ) নিয়োগ বিধিমালা, ২০১০' এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার আওতায় যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে উহা এই বিধিমালার অধীনে সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারির তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীনে নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল**

**[বিধি ২ (খ) দ্রষ্টব্য ]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | উপ-প্রধান | অনূর্ধ্ব ৪৫ বৎসর | **পদোন্নতির মাধ্যমে;** তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওনা না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতি ঃ** সহকারী পরিচালক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরীসহ প্রথম শ্রেণীর পদে অন্যূন ১২(বার) বৎসরে চাকুরী। **প্রেষণে বদলী ঃ** সরকারের পদসংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ২। | সহকারী পরিচালক | অনূর্ধ্ব ৪০ বৎসর | **পদোন্নতির মাধ্যমে;** তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওনা না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতি ঃ** গবেষণা কর্মকর্তা পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরী। **প্রেষণে বদলী ঃ** সরকারের পদসংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন সমপদমর্যাদার কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৩। | গবেষণা কর্মকর্তা | অনূর্ধ্ব ৩০ বৎসর | ৯০ % পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। ১০% পদ পদোন্নতির মাধমে। তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওনা না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতিঃ** গবেষণা অনুসন্ধানী/রিসার্চ ইনভেস্টিগেটর পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকুরীসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতকোত্তর ডিগ্রী; **সরাসরি নিয়োগ ঃ** (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সামাজিক বিজ্ঞান অনুষদে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা সামাজিক বিজ্ঞান অনুষদের যে কোন বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা সমমানের সিজিপিএ; (খ) শিক্ষা জীবনের কোন পর্যায়েই তৃতীয় শ্রেণী/ বিভাগ/সমমানের গ্রেডিং গ্রহণযোগ্য হইবে না। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪। | ডকুমেন্টেশন অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | **পদোন্নতির মাধ্যমেঃ** তবে পদোন্নতি যোগ্য প্রার্থী পাওনা না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতিঃ**<br>লাইব্রেরীয়ান পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগঃ**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা অন্যূন প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ গ্রন্থাগার সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>(খ) শিক্ষা জীবনের কোন পর্যায়েই তৃতীয় শ্রেণী/বিভাগ/ সমমানের গ্রেডিং গ্রহণযোগ্য হইবে না। |
| (৫) | লাইব্রেরী অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি :**<br>লাইব্রেরীয়ান পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকুরি।<br>**সরাসরি নিয়োগ :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা অন্যূন প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ গ্রন্থাগার সংশ্লিষ্ট কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>(খ) শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী/বিভাগ/ সমমানের গ্রেডিং গ্রহণযোগ্য হইবে না। |
| (৬) | বাজেট অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদের যে কোন বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী;<br>(খ) শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় শ্রেণী/বিভাগ/ সমমানের গ্রেডিং গ্রহণযোগ্য হইবে না। |
| ৭। | সহকারী প্রোগ্রামার | The Computer Personnel (Government Organizations) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৮। | এ্যাসিস্ট্যান্ট মেইনটেইনেন্স ইঞ্জিনিয়ার | The Computer Personnel (Government Organizations) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ৯। | লাইব্রেরীয়ান | - | পদোন্নতির মাধ্যমে। | ক্যাটালগার পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ১০। | গবেষণা অনুসন্ধানী/ রিসার্চ ইনভেস্টিগেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী; এবং<br>(খ) গবেষণা কাজে অন্যূন ১ (এক) বৎসরের অভিজ্ঞতা। |
| ১১। | ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার | The Computer Personnel (Government Organizations) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ১২। | ড্রাফট্সম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি ঃ**<br>ট্রেসার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগ ঃ**<br>কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে পুরকৌশল (Civil Engineering) এ ডিপ্লোমা। |
| ১৩। | ক্যাটালগার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ;<br>(খ) লাইব্রেরী সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ১৪। | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর | The Computer Personnel (Government Organizations) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ১৫। | প্রুফ রিডার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতি ঃ**<br>সর্টার বা বুক এটেনডেন্ট পদে ৭ (সাত) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগ ঃ**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৬। | টেলিফোন অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) টেলিফোন অপারেটর হিসাবে ১ (এক) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৭। | ট্রেসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) সরকার কর্তৃক অনুমোদিত কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সিভিল ড্রাফটিং এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) এ উত্তীর্ণ; অথবা<br>(খ) সিভিল ড্রাফটিং এ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) এ উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |
| ১৮। | সর্টার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে সার্টিফিকেট কোর্সে উত্তীর্ণ। |
| ১৯। | বুক এটেনডেন্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ সফিকুল আজম**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd